# নিউইয়র্কে এনসিপি নেতা আখতার হোসেনের ওপর ডিম নিক্ষেপ



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্রের জন এফ কেনেডি বিমানবন্দরে এনসিপির সদস্য সচিব ও অন্তর্বর্তী সরকারের প্রতিনিধি আখতার হোসেনের ওপর ডিম নিক্ষেপের ঘটনা ঘটেছে। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নেতাকর্মীদের এ ঘটনায় রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হামলার অভিযোগ উঠেছে।

বাংলাদেশ সময় মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) রাত ১টার দিকে নিউইয়র্কের জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরের ৮ নম্বর টার্মিনালে এ ঘটনা ঘটে। অন্তর্বর্তী সরকারের প্রধান ড. মুহাম্মদ ইউনূসের প্রতিনিধি দলের সদস্য এবং জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেন যুক্তরাষ্ট্রে পৌঁছালে তাকে লক্ষ্য করে ডিম নিক্ষেপ ও অশ্রাব্য ভাষায় গালিগালাজ করা হয়। এ ঘটনায় অভিযুক্ত হিসেবে বাংলাদেশে নিষিদ্ধ ঘোষিত সংগঠন আওয়ামী লীগের যুক্তরাষ্ট্র শাখার নেতাকর্মীদের নাম উঠে এসেছে।

ঘটনার পর তাসনিম জারা ফেসবুকে লিখেছেন, "আখতার হোসেনের ওপর হামলা করা হয়েছে। তাকে লক্ষ্য করে ডিম ছোড়া হয়েছে এবং গালিগালাজ করা হয়েছে।"

তিনি আরও জানান, এটি কোনো ব্যক্তিগত হামলা নয়, বরং তার রাজনৈতিক পরিচয়ের কারণে এ আক্রমণ চালানো হয়েছে। আখতার হোসেন সেই দলকে প্রতিনিধিত্ব করছেন, যারা ফ্যাসিবাদী শক্তির বিরুদ্ধে লড়াই করছে এবং গণতান্ত্রিক কাঠামো পুনর্গঠনের কাজ করছে।

LENS ASIA